

প্রশ্নপত্র ফাঁসে কারা জড়িত সরকার তা জানো: এরশাদ

রংপুর প্রতিনিধি •
মেডিক্যাল কলেজে ভর্তি পরীক্ষা
বাতিলের দাবি জানিয়ে সাবেক
রাষ্ট্রপতি, জাতীয় পার্টির চেয়ারম্যান
এইচএম এরশাদ বলেছেন, মেডিক্যাল
কলেজে ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস
হওয়া সত্ত্বেও সরকার বলছে সব ঠিক
আছে। প্রশ্নপত্র ফাঁসের সঙ্গে কারা
জড়িত সরকার তা জানে। তাই এ
নিয়ে আন্দোলন করে কোনো লাভ
হবে না। গতকাল মঙ্গলবার ৫ দিনের
সফরে ইদুল আজহা উপদযাপন
করতে এসে রংপুরের পল্লি নিবাস
বাসভবনে সাংবাদিকদের সঙ্গে
মতবিনিময়কালে তিনি এসব কথা
বলেন।

জাপা চেয়ারম্যান বলেন, প্রশ্নপত্র
ফাঁসের মধ্য দিয়ে অমেধারী যারা
ডাক্তার হবে তাদের জন্য জনগণের
ভোগান্তি বাড়বে, ডুল চিকিৎসায়
তাদের হাতে রোগী মারা যাবে।
মেডিক্যালে ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র
ফাঁস এটা এখন প্রমাণিত। তাই ওই
পরীক্ষা বাতিল করে আবার পরীক্ষা
নেওয়া উচিত।